

নির্বাহী আদেশ

**আইনের সাময়িক স্বগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বত্র রাজ্যের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা অব্যাহত থাকতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে:

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা কার্যনির্বাহী আদেশ 202.22, থেকে 202.26, 202.32, 202.33, 202.34, 202.35, 202.44, 202.45, 202.53, 202.57 এ উল্লিখিত নির্দেশগুলি যা পরবর্তী কোন নির্দেশিকার দ্বারা অতিক্রম করা হয়নি, এবং নির্বাহী আদেশ 202.64 এ উল্লিখিত ও অব্যাহত আছে, সেই নির্দেশ ও আইনগুলি আরো ত্রিশ দিন, 13 নভেম্বর 2020 পর্যন্ত স্বগিত রাখা এবং সেগুলির সংশোধন অব্যাহত রাখছি, এইগুলি ব্যতিরেকে:

- যানবাহন ও ট্রাফিক আইনের (Vehicle and Traffic law) 301 ধারার সাবডিভিশন (অ্যা), সেই পরিসর পর্যন্ত প্রসারিত বা সংশোধন করা যাতে বার্ষিক নিরাপত্তা এবং দ্বিবার্ষিক নিগমণের পরীক্ষা বাধ্যতামূলক করা হয় এবং তা আর স্বগিত বা সংশোধিত থাকবে না 3 নভেম্বর, 2020 তারিখ থেকে।

উপরন্তু, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে শুরু করে 13 নভেম্বর 2020 পর্যন্ত নিম্নোক্তগুলি সাময়িকভাবে স্বগিত বা পরিবর্তন করছি:

- জনস্বাস্থ্য আইনের অনুচ্ছেদ 6909-এর উপধারা 4, শিক্ষা আইনের অনুচ্ছেদ 6527-এর উপধারা 6, এবং NYCRR-এর শিরোনাম 8-এর ধারা 64.7 এর পরিবর্তন, নির্বাহী আদেশ 202 এ, সেই পরিসর পর্যন্ত যা প্রয়োজন পরীক্ষার উদ্দেশ্যে, বা এই ধরনের অন্যান্য কাজগুলো সম্পাদন করতে COVID-19 দ্বারা সংক্রমিত বা সন্দেহজনক ব্যক্তিকে সেবা প্রদান করার জন্য চিকিৎসক এবং চিকিৎসক-নার্সদের ক্ষেত্রে যাতে তারা একটি নির্দিষ্ট নন-পেশেন্ট স্বাস্থ্যবিধি জারি করতে পারেন, নার্স বা এমন অন্য কোন ব্যক্তিকে যিনি আইন দ্বারা বা নির্বাহী আদেশ দ্বারা অনুমোদিত COVID-19 আক্রান্ত বলে সন্দেহভাজন

ব্যক্তির গলা বা ন্যাসোফ্যারিজিয়াল সোয়াব এর নমুনা সংগ্রহ করার জন্য যাতে তারা খুতুর সোয়াবের নমুনাও সংগ্রহ করতে পারেন।

উপরক্ত, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি যা 13 নভেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- জনস্বাস্থ্য সুরক্ষাকে অগ্রসর করতে, এবং নির্বাহী আদেশ 202.68 এ উপস্থাপিত বিধিনিষেধ মেনে চলার ব্যর্থতার ফলের স্বীকৃতির কারণে, বাজেট পরিচালক অর্থবর্ষ 2020-তে প্রণীত বাজেটে উপযুক্ত যে কোন তহবিল বন্ধ করার জন্য অনুমোদন প্রাপ্ত, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কোন পাবলিক বা বেসরকারী বিদ্যালয় বা স্কুল জেলার ক্ষেত্রে এবং/অথবা কোন এলাকার ক্ষেত্রে যারা নির্বাহী আদেশ 202.68 লঙ্ঘন করেন সেই সময়ের জন্য যে সময়ে তারা এই লঙ্ঘন করেন অথবা সেই সময়ের জন্য যখন সেই স্কুল জেলা, স্কুল বা এলাকা নির্বাহী আদেশ 202.68 অনুযায়ী জারি করা স্বাস্থ্য বিভাগের কোন আদেশ লঙ্ঘন করছেন।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ

সালের অক্টোবর মাসের চোদ্দতম দিনে

এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব